অধ্যায় ০২

নবি, রাসূল ও মহানবি (স.)-এর সাহাবিগণের জীবনচরিত অনুসরণ

আলোচ্য বিষয়

▸ মহানবি হজরত মুহাম্মদ (স.)-এর সংক্ষিপ্ত জীবনচরিত ▸ মহানবি (স.) এর জীবনাদর্শ অনুসরণ ▸ হজরত আবু বকর (রা.)-এর পরিচয় ▸ হজরত আবু বকর (রা.) এর জীবনাদর্শ অনুসরণ।

অধ্যায়ের মূলকথা

আজ থেকে প্রায় সাড়ে চৌদ্দশ বছর আগে ৫৭০ খ্রিষ্টাব্দে আরবের মক্কা নগরীতে হজরত মুহাম্মদ (স.) জন্মগ্রহণ করেন। তিনি আমাদের নবি ও রাসূল। তাঁর নেতৃত্বে আরবের অন্ধকার যুগ পার হয়। পৃথিবীতে শান্তি ও সাম্যের ধর্ম হিসেবে প্রতিষ্ঠিত হয় ইসলাম।

হজরত মুহাম্মদ (স.) একজন উত্তম আদর্শসম্পন্ন মানুষ ছিলেন। তাঁর আদর্শ আমাদের জন্য অনুস্মরণীয় ও অনুকরণীয়। আমরা হজরত মুহাম্মদ (স.)-এর জীবন সম্পর্কে জানব এবং তাঁর জীবনাদর্শ অনুসরণ করব।

হজরত মুহাম্মদ (স.)-এর সাথীদের সাহাবি বলা হয়। তাঁর বিভিন্ন সাহাবির মধ্যে অন্যতম একজন সাহাবি হলেন হজরত আবু বকর (রা.)। তিনি ছিলেন দানশীল, দয়ালু ও পরোপকারী মানুষ। আমরা হজরত আবু বকর (রা.)-কেও অনুকরণ করব।

শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

- হজরত মুহাম্মদ (স.) এবং তাঁর সাহাবিগণের জীবনযাপন সম্পর্কে জেনে তাঁদের জীবনাচরণ অনুসরণ করা।
  - ২.১.১ হজরত মুহাম্মদ (স.) ও হজরত আবু বকর (রা.)-এর জীবনাচরণের ভিত্তিতে আদর্শ চরিত্রের কাজ ও গুণাবলি চিহ্নিত করতে পারা।
  - ২.১.২ হজরত মুহাম্মদ (স.) ও হজরত আবু বকর (রা.)-এর জীবনাচরণ অনুসরণ করে আদর্শ চরিত্রের কাজ ও গুণাবলি অনুশীলন করতে পারা।

অধ্যায়ের শিখনফল

- মহানবি হজরত মুহাম্মদ (স.)-এর সংক্ষিপ্ত জীবনচরিত সম্পর্কে ধারণা লাভ করতে পারবে।
- মহানবি (স.) বাল্যজীবনে যেসব কাজ করেছেন, তা জানতে পারবে।
- মহানবি (স.)-এর জীবনাদর্শ সম্পর্কে ধারণা লাভ করবে।
- হজরত আবু বকর (রা.)-এর জীবনাদর্শ সম্পর্কে জানতে পারবে।
- হজরত মুহাম্মদ (স.) ও হজরত আবু বকর (রা.)-এর জীবনাদর্শ অনুসরণে উৎসাহিত হবে।

৩ ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) — বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

পাঠ মহানবি হজরত মুহাম্মদ (সা.) এর সংক্ষিপ্ত জীবনচরিত

একক কাজ (ক) হজরত মুহাম্মদ (স.) এর ছেলেবেলা সম্পর্কে আমরা জেনেছি। এবার নিচের কাজটি করি। তাঁর ছেলেবেলা সম্পর্কিত তথ্য দিয়ে নিচের চক্রটি পূরণ করি। কাজটি একাকী করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৩১

পাঠ্যবইয়ের চক্র :



উত্তর :



জোড়ায় কাজ (খ) হজরত মুহাম্মদ (স.) এর ছেলেবেলা সম্পর্কে নিজের ভাষায় আলোচনা করি। তিনি যেসব কাজ করেছেন তা নিচে ধারাবাহিকভাবে সাজিয়ে লিখি। কাজটি জোড়ায় করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৩২

পাঠ্যবইয়ের ছক :



উত্তর :

১. ছোটবেলায় শান্ত ও বিনয়ী স্বভাবের ছিলেন।
২. সবার সাথে ভালো ব্যবহার করতেন।
৩. কখনো অহংকার করতেন না।
৪. কাউকে অপমান বা ছোটো করতেন না।
৫. মানুষের সুখে-দুঃখে সহযোগিতা করতেন।

দলগত কাজ (গ) নিচের ছকে হজরত মুহাম্মদ (স.) এর জীবনের বিভিন্ন সময় দেওয়া আছে। দলে আলোচনা করে কোন বয়সে কী করেছেন তা লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৩২

নির্দেশনা : হজরত মুহাম্মদ (স.) জীবনের বিভিন্ন সময়ে বা বয়সে কী কী করেছেন সে সম্পর্কে দলে আলোচনা করে লিখবে।

উত্তর :

শৈশবকাল	⊙ ছোটোবেলা থেকেই হজরত মুহাম্মদ (স.) শান্ত ও বিনয়ী স্বভাবের ছিলেন। তিনি ছোটো-বড়ো সবার সাথে ভালো ব্যবহার করতেন।
	⊙ তিনি কখনো অহংকার করতেন না এবং কাউকে অপমান করতেন না।
	⊙ সুখে-দুঃখে মানুষের পাশে দাঁড়াতেন এবং সহযোগিতা করতেন।

যৌবনকাল	⊙ যুবক বয়সে হজরত মুহাম্মদ (স.) আরবের যুবকদের নিয়ে 'হিলফুল ফুযুল' নামে একটি সংগঠন গড়ে তোলেন এবং আরব সমাজে শান্তি ফেরাতে চেষ্টা করেন।
	⊙ পঁচিশ বছর বয়সে তিনি হজরত খাদিজা (রা.)-কে বিয়ে করেন।
	⊙ মাঝে মাঝে পর্বতের গুহায় ধ্যান করতেন।
মধ্য বয়স	⊙ তিনি যখন মধ্য বয়সী, চল্লিশ ছুঁয়েছেন তখন তিনি গুহাতেই নবুয়তপ্রাপ্ত হন।
	⊙ সবাইকে এক আল্লাহর ইবাদাত করার আহ্বান জানান এবং মিথ্যা ও মন্দ কাজ থেকে সরে আসতে বলেন।
	⊙ তাঁর নেতৃত্বে আরবের অন্ধকার যুগ পার হয়।
শেষ জীবন	⊙ ইসলামের বাণী দূর-দূরান্তে ছড়িয়ে পড়ে।
	⊙ শান্তি ও সাম্যের ধর্ম হিসেবে ইসলামকে প্রতিষ্ঠিত করেন।
	⊙ অবশেষে ৬৩২ খ্রিষ্টাব্দে ৬৩ বছর বয়সে মদিনায় ইন্তেকাল করেন।

পাঠ মহানবি (সা.) এর জীবনাদর্শ অনুসরণ

দলগত কাজ (ক) মহানবি (স.) এর জীবন ও কাজের মধ্য দিয়ে তাঁর যেসব গুণ প্রকাশিত হয়েছে তা দলগতভাবে আলোচনা করি। এরপর সেগুলোকে ধারাবাহিকভাবে সাজিয়ে গুণাবলির ফুল তৈরি করি। শিক্ষক সহায়িকা ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৪

নির্দেশনা: দলগতভাবে আলোচনা করে মহানবি (স.) জীবন ও কাজের মধ্য দিয়ে যেসব গুণ প্রকাশিত হয়েছে সেগুলোকে ধারাবাহিকভাবে সাজিয়ে গুণাবলির ফুল তৈরি করবে। তোমাদের বোঝার সুবিধার্থে গুণাবলির ফুলটি তৈরি করে দেওয়া হলো।

উত্তর :



একক কাজ (খ) মহানবি (স.) এর জীবনাচরণ অনুসরণ করে আমরা নিজেরা কোন কোন আদর্শগুলো চর্চা করি তার একটি তালিকা তৈরি করি। কাজটি একাকী করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৬



নির্দেশনা: পাঠ্যবই থেকে মহানবি (স.)-এর জীবনাচরণ অনুসরণ করে কোন আদর্শগুলো চর্চা করবে সে বিষয়ে একটি তালিকা তৈরি করবে। তোমাদের বোঝার সুবিধার্থে তালিকাটি পূরণ করে দেওয়া হলো।

উত্তর : মহানবি (স.) এর জীবনাচরণ অনুসরণ করে আমি নিজে যে আদর্শগুলো চর্চা করি।

১.	আমরা আচরণে বিনয়ী হবো। অহংকার করব না। কাউকে অপমান বা ছোটো করব না। ছোটো-বড়ো সবার সাথে ভালো ব্যবহার করব।
২.	মানুষকে সহযোগিতা করব। সুখে-দুঃখে তাদের পাশে দাঁড়াব। অভাবী মানুষদের সহযোগিতা করব। প্রতিবেশীদের খোঁজখবর রাখব।
৩.	সব সময় সত্য কথা বলব। মিথ্যা বলব না। কাউকে কথা দিলে তা রক্ষা করার চেষ্টা করব।
৪.	আমাদের আশেপাশে শান্তিশৃঙ্খলা বজায় রাখতে চেষ্টা করব এবং অন্যরাও যেন শান্তি বজায় রাখে সে ব্যাপারে উদ্যোগী হবো। কোনো সংঘাত দেখা দিলে তা দূর করার চেষ্টা করব।
৫.	অধিক পরিশ্রম করব। কোনো ধরনের অলসতা করব না। নিজের কাজ নিজে করব। বাড়িতে বা বিদ্যালয়ে বিভিন্ন কাজে উৎসাহের সাথে যোগ দেব।
৬.	মা, বোন, সহপাঠীসহ অন্য নারীদের সম্মান করব। তাদের কাজে সহযোগিতা করব।

পাঠ হজরত আবু বকর (রা.)-এর পরিচয়

একক কাজ (ক) হজরত আবু বকর (রা.) সম্পর্কে আমরা জানলাম। এর আলোকে নিচের প্রবাহচিত্রটি পূরণ করি। কাজটি একাকী করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৮

নির্দেশনা : পাঠ্যবইয়ের বিষয়বস্তু থেকে হজরত আবু বকর (রা.) সম্পর্কে জেনে একটি প্রবাহচিত্র পূরণ করবে। তোমাদের বোঝার সুবিধার্থে প্রবাহচিত্রটি পূরণ করে দেওয়া হলো।

উত্তর :

জোড়ায় কাজ (খ) আমরা হজরত আবু বকর (রা.) সম্পর্কে জানলাম। তিনি যেসব কাজ করেছেন তা নিচে সাজিয়ে লিখি। কাজটি জোড়ায় করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৮

নির্দেশনা : পাঠ্যবইয়ের আলোকে হজরত আবু বকর (রা.) যেসব কাজ করেছেন তা সাজিয়ে লিখবে। তোমাদের বোঝার সুবিধার্থে কাজটি করে সাজিয়ে দেওয়া হলো।

উত্তর :



পাঠ হজরত আবু বকর (রা.) এর জীবনাদর্শ অনুসরণ

কাজ (ক) হজরত আবু বকর (রা.) এর জীবন ও কাজের মধ্য দিয়ে তাঁর যেসব গুণ প্রকাশিত হয়েছে সে সম্পর্কে দলে আলোচনা করি। তারপর সেগুলো সাজিয়ে একটি 'আদর্শ বৃক্ষ' তৈরি করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৪০



নির্দেশনা : পাঠ্যবইয়ের বিষয়বস্তু থেকে হজরত আবু বকর (রা.)-এর যেসব গুণ প্রকাশিত হয়েছে সে সম্পর্কে দলে আলোচনা করে একটি 'আদর্শ বৃক্ষ' তৈরি করবে। তোমাদের বোঝার সুবিধার্থে একটি আদর্শ বৃক্ষ তৈরি করে তা পূরণ করে দেওয়া হলো।

উত্তর :

দলগত কাজ (খ) হজরত আবু বকর (রা.) এর আদর্শ চর্চার জন্য কী করব তা দলগতভাবে আলোচনা করে ঠিক করি এবং নিচের ছকে লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৪১

নির্দেশনা : দলগতভাবে আলোচনা করে হজরত আবু বকর (রা.)-এর আদর্শ চর্চার জন্য কী করতে হবে সেগুলো একটি ছকে লিখবে। তোমাদের বোঝার সুবিধার্থে ছকটি পূরণ করে দেওয়া হলো।

উত্তর :

১. আমরা অন্যের প্রতি দয়াশীল হবো এবং অন্যের উপকার করার চেষ্টা করব।
২. সাধ্যমতো অভাবী মানুষের পাশে দাঁড়াব।
৩. গরিব, অসহায় ও বৃদ্ধ মানুষদের প্রয়োজনীয় সাহায্য করব।
৪. সাধ্যমতো দান করব এবং দানের ক্ষেত্রে গোপনীয়তা রক্ষা করব।
৫. বাড়িতে বা বিদ্যালয়ে আমাদের দায়িত্ব সঠিকভাবে পালন করব।
৬. দায়িত্ব পালনে কোনো ধরনের অবহেলা করব না।
৭. কোনো সমস্যা দেখলে ধৈর্যশীল থাকব।
৮. ধৈর্য ও মনোবল বজায় রেখে যেকোনো সমস্যার সমাধান করব।

শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

পাঠ মহানবি (স.) এর জীবনাদর্শ অনুসরণ

সূত্র : শিক্ষক সহায়িকা

প্রশ্ন ১। তোমার দেখা সবচেয়ে ভালো মানুষের নাম ও পরিচয় দাও।

উত্তর : আমার দেখা সবচেয়ে ভালো মানুষ হলেন আমার স্কুলের সম্মনিত প্রধান শিক্ষক। তার নাম মো. রিফাত আহমেদ।

প্রশ্ন ২। তাকে ভালো মানুষ মনে হওয়ার কারণ কী?

উত্তর : আমার স্কুলের প্রধান শিক্ষক সবসময় সত্য কথা বলেন। তিনি স্কুলের অন্যান্য শিক্ষক ও ছাত্রছাত্রীদের সাথে ভালো ব্যবহার করেন এবং অসহায় গরিবদের সবসময় সাহায্য-সহযোগিতা করেন। এজন্য তাকে আমার ভালো মানুষ বলে মনে হয়।

প্রশ্ন ৩। তার ভালো গুণ/কাজসমূহ ছক আকারে প্রকাশ কর?

উত্তর : আমার স্কুলের প্রধান শিক্ষকের ভালো গুণ/কাজসমূহ নিচে ছক আকারে প্রকাশ করা হলো—

তার ভালো গুণ/কাজসমূহ
১। তিনি সবসময় সত্য কথা বলেন।
২। তিনি ছোটো-বড়ো সকলের সাথে ভালো ব্যবহার করেন।
৩। তিনি অত্যন্ত বিচক্ষণতার সাথে স্কুলের সমস্ত দায়িত্ব ও কাজ পরিচালনা করেন।
৪। তিনি স্কুলে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা এবং পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করেন।
৫। তিনি অসহায় গরিবদেরকে সবসময় সহযোগিতা করেন।

দলগত কাজ

ভালো মানুষের গুণ/কাজের একটি তালিকা তৈরি করে তা পোস্টার আকারে শ্রেণিকক্ষে উপস্থাপন কর।

নির্দেশনা : শিক্ষার্থীরা দলগতভাবে আলোচনা করে ভালো মানুষের যেসব গুণ/কাজ সম্পর্কে জানতে পেরেছে তা একটি পোস্টার আকারে শ্রেণিকক্ষে উপস্থাপন করবে। তোমাদের বোঝার সুবিধার্থে নিচে ভালো মানুষের গুণ/কাজের তালিকা দেওয়া হলো।

উত্তর :

- সবসময় সত্য কথা বলেন
- কথা দিয়ে কথা রাখেন
- কখনো অহংকার করেন না
- অসহায় ও গরিব-দুঃখীদের পাশে দাঁড়ান
- ছোটো-বড়ো সবার সাথে ভালো ব্যবহার করেন
- সমাজে শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে সাহায্য করেন

মূল্যায়ন নির্দেশনা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

দলগত কাজ

মহানবি (স.)-এর জীবনাচরণের ভিত্তিতে ৫টি আদর্শ কাজ নিচের ছকে লিখি। কাজটি দলগতভাবে করি।

নির্দেশনা : দলগতভাবে আলোচনা করে মহানবি (স.) তাঁর জীবনাচরণের ভিত্তিতে যে সমস্ত আদর্শমূলক কাজ করেছেন তার মধ্য থেকে ৫টি আদর্শ কাজ একটি ছকে লিখবে। তোমাদের বোঝার সুবিধার্থে নিচে ছকটি পূরণ করে দেওয়া হলো।

উত্তর :



জোড়ায় কাজ

হজরত আবু বকর (রা.)-এর জীবনাদর্শ সম্পর্কে ৫টি বাক্য নিচের ছকে লিখি। কাজটি জোড়ায় করি।

১.	
২.	
৩.	
৪.	
৫.	

নির্দেশনা : জোড়ায় আলোচনা করে হজরত আবু বকর (রা.)-এর জীবনাদর্শ সম্পর্কে ৫টি বাক্য নিচে লিখবে। তোমাদের বোঝার সুবিধার্থে নিচে ছকটি পূরণ করে দেওয়া হলো।

উত্তর :

১.	হজরত আবু বকর (রা.) ছিলেন অত্যন্ত দানশীল ও পরোপকারী।
২.	তিনি গরিব, অসহায় ও বৃদ্ধদের প্রয়োজনীয় সাহায্য-সহযোগিতা করতেন।
৩.	তিনি দানের ক্ষেত্রে সবসময় গোপনীয়তা বজায় রাখেন।
৪.	মহানবি (স.)-এর মৃত্যুর পর তিনি ইসলাম ও মুসলমানদের বিশৃঙ্খলা থেকে রক্ষা করেন।
৫.	তিনি অত্যন্ত দৃঢ়তা ও বিচক্ষণতার সাথে শাসন কাজ পরিচালনা করেন।

মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

ক নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।

১। মহানবি (স.) আরবের মক্কা নগরীতে জন্মগ্রহণ করেন।
২। হজরত মুহাম্মদ (স.)-এর দুধ মাতার নাম ছিল আমিনা।
৩। মহানবি (স.) পঁচিশ বছর বয়সে হজরত খাদিজা (রা.)-কে বিয়ে করেন।
৪। মহানবি (স.) ছোটোবেলায় নবুয়তপ্রাপ্ত হন।
৫। মহানবি (স.) মক্কায় ইন্তেকাল করেন।
৬। ইসলাম হলো শান্তি ও সাম্যের ধর্ম।
৭। মক্কার লোকেরা মুহাম্মদ (স.)-কে 'আল-আমিন' বলে ডাকত।
৮। ইসলামের প্রথম খলিফা ছিলেন হজরত উমর (রা.)।
৯। হজরত আবু বকর (রা.) ছিলেন দানশীল, দয়ালু ও পরোপকারী।
১০। 'ইসলামের ত্রাণকর্তা' হিসেবে পরিচিত ছিলেন হজরত আবু বকর (রা.)।

উত্তরমালা : ১। সত্য; ২। মিথ্যা; ৩। সত্য; ৪। মিথ্যা; ৫। মিথ্যা; ৬। সত্য; ৭। সত্য; ৮। মিথ্যা; ৯। সত্য; ১০। সত্য।

খ নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।

১। মহানবি (স.) জন্মগ্রহণ করেন আজ থেকে প্রায় — বছর আগে।
২। চল্লিশ বছর বয়সে — গুহাতে তিনি নবুয়তপ্রাপ্ত হন।
৩। পঁচিশ বছর বয়সে মুহাম্মদ (স.) হজরত — কে বিয়ে করেন।
৪। শান্তি ও সাম্যের ধর্ম হিসেবে প্রতিষ্ঠিত হলো —।
৫। — খ্রিস্টাব্দে মহানবি (স.) ইন্তেকাল করেন।
৬। মক্কার লোকেরা মুহাম্মদ (স.) কে — বলে ডাকত।
৭। মুহাম্মদ (স.) তাঁর পাগড়ি অথবা চাদর বিছিয়ে হজরত — কে বসতে দিতেন।
৮। হজরত — ছিলেন ইসলামের প্রথম খলিফা।
৯। আবু বকর (রা.) — খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন।
১০। হজরত আবু বকর (রা.) — করে উপার্জন করতেন।
১১। সংসার চালানোর জন্য আবু বকর (রা.) রাষ্ট্রীয় কোষাগার থেকে অল্প কিছু — নিতেন।

উত্তরমালা : ১. সাড়ে চৌদ্দশ; ২. হেরা; ৩. খাদিজা (রা.); ৪. ইসলাম; ৫. ৬৩২; ৬. আল-আমিন; ৭. হালিমা (রা.); ৮. আবু বকর (রা.); ৯. ৫৭৩; ১০. ব্যবসা বাণিজ্য; ১১. ভাতা।

বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

ক নিচের প্রশ্নগুলোর উত্তর বলো।

প্রশ্ন ১। মহানবি (স.) কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?
উত্তর : ৫৭০ খ্রিষ্টাব্দে।

প্রশ্ন ২। মুহাম্মদ (স.) কোন নগরীতে জন্মগ্রহণ করেন?
উত্তর : আরবের মক্কা নগরীতে।

প্রশ্ন ৩। মুহাম্মদ (স.)-এর চাচার নাম কী?
উত্তর : আবু তালিব।

প্রশ্ন ৪। হজরত মুহাম্মদ (স.)-এর দুধ মাতার নাম কী?
উত্তর : হজরত হালিমা (রা.)।

প্রশ্ন ৫। পঁচিশ বছর বয়সে মুহাম্মদ (স.) কাকে বিবাহ করেন?
উত্তর : হজরত খাদিজা (রা.)-কে।

প্রশ্ন ৬। ইসলামের প্রথম খলিফা কে ছিলেন?
উত্তর : হজরত আবু বকর (রা.)।

প্রশ্ন ৭। বয়স্ক পুরুষদের মধ্যে সর্বপ্রথম ইসলাম ধর্ম গ্রহণ করেন কে?
উত্তর : হজরত আবু বকর (রা.)।

প্রশ্ন ৮। হজরত আবু বকর (রা.) কোন গ্রন্থ একত্রিত করে গ্রন্থ আকারে প্রকাশ করেন?
উত্তর : পবিত্র কুরআন।

প্রশ্ন ৯। ছেলেবেলা থেকে কার সাথে আবু বকর (রা.)-এর গভীর বন্ধুত্ব ছিল?
উত্তর : হজরত মুহাম্মদ (স.)-এর।

প্রশ্ন ১০। "মায়ের পায়ের নিচে সন্তানের বেহেশত।"– কথাটি কে বলেছেন?
উত্তর : হজরত মুহাম্মদ (স.)।

প্রশ্ন ১১। হাজরে আসওয়াদ কী?
উত্তর : কাবা শরিফের পবিত্র কালো পাথর।

খ বহুনির্বাচনি প্রশ্নোত্তর : সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ।

১. **মহানবি (স.) কত বছর আগে জন্মগ্রহণ করেন?**
ক প্রায় সাড়ে তেরোশ খ প্রায় সাড়ে চৌদ্দশ
গ প্রায় পনেরোশ ঘ প্রায় ষোলোশ
উত্তর : খ প্রায় সাড়ে চৌদ্দশ।

২. **মহানবি (স.) আরবের কোন নগরীতে জন্মগ্রহণ করেন?**
ক ব্যাবিলন নগরীতে খ মদিনা নগরীতে
গ মক্কা নগরীতে ঘ সৌদি আরবে
উত্তর : গ মক্কা নগরীতে।

৩. **মুহাম্মদ (স.)-এর দাদার নাম কী?**
ক আবু তালিব খ আব্দুল কাদির
গ আব্দুল্লাহ ঘ আব্দুল মুত্তালিব
উত্তর : ঘ আব্দুল মুত্তালিব।

৪. **মহানবি (স.)-এর পিতার নাম কী?**
ক আব্দুল্লাহ খ আবু তালিব
গ আব্দুল মুত্তালিব ঘ আবু বকর (রা.)
উত্তর : ক আব্দুল্লাহ।

৫. **মুহাম্মদ (স.)-এর দুধ মায়ের নাম কী?**
ক আমিনা খ হালিমা (রা.)
গ খাদিজা (রা.) ঘ নূরজাহান
উত্তর : খ হালিমা (রা.)।

৬. **মহানবি (স.)-এর কত বছর বয়সে তাঁর মা মারা যান?**
ক ছয় বছর খ সাত বছর
গ আট বছর ঘ নয় বছর
উত্তর : ক ছয় বছর।

৭. **মহানবি (স.) কত বছর বয়সে মারা যান?**
ক ৬১ বছর খ ৬২ বছর
গ ৬৩ বছর ঘ ৬৪ বছর
উত্তর : গ ৬৩ বছর।

৮. **'আল আমিন' বলা হতো কাকে?**
ক হজরত মুহাম্মদ (স.)-কে খ আবু বকর (রা.)-কে
গ উমর (রা.)-কে ঘ আলী (রা.)-কে
উত্তর : ক মুহাম্মদ (স.)-কে।

৯. **ইসলামের ত্রাণকর্তা বলা হয় কাকে?**
ক হজরত মুহাম্মদ (স.)-কে খ আবু বকর (রা.)-কে
গ উমর (রা.)-কে ঘ আলী (রা.)-কে
উত্তর : খ আবু বকর (রা.)-কে।

পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

ক সংক্ষেপে উত্তর দাও।

প্রশ্ন ১। মহানবি (স.) কোথায় জন্মগ্রহণ করেন?
উত্তর : মহানবি হজরত মুহাম্মদ (স.) ৫৭০ খ্রিষ্টাব্দে আরবের মক্কা নগরীতে জন্মগ্রহণ করেন।

প্রশ্ন ২। হিলফুল ফুযুল কী?
উত্তর : মহানবি (স.) যুবক বয়সে আরবের অন্য যুবকদের নিয়ে যে শান্তি সংগঠন গঠন করেন সেটা হলো হিলফুল ফুযুল।

প্রশ্ন ৩। মহানবি (স.) কখন নবুয়তপ্রাপ্ত হন?
উত্তর : মহানবি (স.) চল্লিশ বছর বয়সে হেরা গুহায় ধ্যানমগ্ন অবস্থায় নবুয়তপ্রাপ্ত হন।

প্রশ্ন ৪। মহানবি (স.) কখন ইন্তেকাল করেন?
উত্তর : মহানবি (স.) ৬৩২ খ্রিষ্টাব্দে ৬৩ বছর বয়সে মদিনায় ইন্তেকাল করেন।

প্রশ্ন ৫। মহানবি (স.)-এর পিতা ও মাতার নাম কী ছিল?
উত্তর : মহানবি (স.)-এর পিতার নাম ছিল আব্দুল্লাহ এবং মাতার নাম ছিল আমিনা।

প্রশ্ন ৬। মহানবি (স.)-কে আল আমিন বলা হতো কেন?
উত্তর : মহানবি (স.) সবসময় সত্য কথা বলতেন এবং কথা দিয়ে কথা রাখতেন। এজন্য মক্কার লোকেরা তাঁকে আল-আমিন বলে ডাকত।

প্রশ্ন ৭। হাজরে আসওয়াদ কী?

উত্তর : হাজরে আসওয়াদ হলো পবিত্র কাবা শরিফের একটি মর্যাদাপূর্ণ কালো পাথর।

প্রশ্ন ৮। কে প্রথম পবিত্র কুরআনকে একত্রিত করে গ্রন্থ আকারে প্রকাশের উদ্যোগ নেন?

উত্তর : হজরত আবু বকর (রা.) প্রথম পবিত্র কুরআনকে একত্রিত করে গ্রন্থ আকারে প্রকাশের উদ্যোগ নেন।

প্রশ্ন ৯। হজরত আবু বকর (রা.) কোন যুদ্ধে তাঁর সকল ধন-সম্পত্তি নবিজির সামনে হাজির করেন?

উত্তর : হজরত আবু বকর (রা.) তাবুক যুদ্ধে তাঁর সকল ধন-সম্পত্তি নবিজির সামনে হাজির করেন।

লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

ক মিলকরণ।

প্রশ্ন ১। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :

বাম পাশ	ডান পাশ
(ক) পঁচিশ বছর বয়সে মুহাম্মদ (স.) বিয়ে করেন	প্রতিষ্ঠিত হয় ইসলাম।
(খ) মাঝে মাঝে তিনি পর্বতের হেরা গুহায়	মদিনায় ইন্তেকাল করেন।
(গ) চল্লিশ বছর বয়সে তিনি গুহাতেই	ঘুমিয়ে থাকতেন।
(ঘ) শান্তি ও সাম্যের ধর্ম হিসেবে	হজরত খাদিজা (রা.)-কে।
(ঙ) মহানবি (স.) ৬৩ বছর বয়সে	ধ্যান করতেন।
	নবুয়তপ্রাপ্ত হন।
	আয়েশা (রা.)-কে।

উত্তর :

(ক) পঁচিশ বছর বয়সে মুহাম্মদ (স.) বিয়ে করেন হজরত খাদিজা (রা.)-কে।
(খ) মাঝে মাঝে তিনি পর্বতের হেরা গুহায় ধ্যান করতেন।
(গ) চল্লিশ বছর বয়সে তিনি গুহাতেই নবুয়তপ্রাপ্ত হন।
(ঘ) শান্তি ও সাম্যের ধর্ম হিসেবে প্রতিষ্ঠিত হয় ইসলাম।
(ঙ) মহানবি (স.) ৬৩ বছর বয়সে মদিনায় ইন্তেকাল করেন।

খ চিন্তা করে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

প্রশ্ন ১। আল-আমিন কার উপাধি? তাঁকে আল-আমিন বলা হতো কেন? তাঁর চারটি গুণাবলি লেখ।

উত্তর : আল-আমিন মহানবি (স.)-এর উপাধি। সত্যবাদিতার জন্য তাঁকে আল-আমিন বলা হতো। তাঁর চারটি গুণাবলি হলো—

১. তিনি সর্বদা সত্য কথা বলতেন।
২. তিনি ছিলেন কঠোর পরিশ্রমী।
৩. তিনি ছিলেন অতিশয় দয়ালু ও পরোপকারী।
৪. তিনি ছিলেন অত্যন্ত ধৈর্যশীল।

প্রশ্ন ২। হিলফুল ফুযুল কে গঠন করেছেন? কেন এটি গঠন করা হয়? এর ৪টি উদ্দেশ্য লেখ।

উত্তর : মহানবি (স.) হিলফুল ফুযুল গঠন করেন। তৎকালীন আরব সমাজে শান্তিশৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য এটি গঠন করা হয়। এর ৪টি উদ্দেশ্য হলো—

১. আর্তের সেবা করা।
২. অত্যাচারীকে প্রতিরোধ করা ও অত্যাচারিতকে সাহায্য করা।
৩. শান্তিশৃঙ্খলা প্রতিষ্ঠা করা।
৪. গোত্রে গোত্রে সম্প্রীতি বজায় রাখা।

প্রশ্ন ৩। মহানবি (স.)-এর বাল্যকাল সম্পর্কে ছয়টি বাক্য লেখ।

উত্তর : মহানবি (স.) ছিলেন সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ নবি। তাঁর বাল্যকাল সম্পর্কে ছয়টি বাক্য হলো—

১. বাল্যকালে মহানবি (স.) খুব শান্তশিষ্ট ও বিনয়ী ছিলেন।
২. তিনি ছোটো-বড়ো সবার সাথে খুব ভালো ব্যবহার করতেন।
৩. কখনো অহংকার করতেন না।
৪. দুঃখী মানুষের কষ্ট দূর করতেন।
৫. কথা দিয়ে কথা রাখতেন।
৬. সবাই তাঁকে খুব বিশ্বাস করত।

প্রশ্ন ৪। মহানবি (স.) কীভাবে পবিত্র কাবা শরিফে হাজরে আসওয়াদ (কালো পাথর) স্থাপন করেন?

উত্তর : একবার কাবা শরিফ মেরামতের সময় হাজরে আসওয়াদ (কালো পাথর) পুনঃস্থাপন করার প্রয়োজন দেখা দেয়। এ সময় আরবে অনেক গোত্র ছিল। কারা এই পাথর স্থাপন করবে তা নিয়ে গোত্রগুলোর মধ্যে বিবাদ শুরু হয়। পরে সিদ্ধান্ত নেওয়া হয়, পরদিন সকালে সবার আগে যে কাবা ঘরে প্রবেশ করবে তার সিদ্ধান্ত মানা হবে। পরদিন সকালে হজরত মুহাম্মদ (স.) সবার আগে কাবা শরিফে প্রবেশ করেন। এতে সবাই খুশি হয় এবং তারা ভরসা পায় যে, আল-আমিনের সিদ্ধান্তই সবচেয়ে ভালো হবে। তখন মহানবি (স.) পবিত্র কাবা শরিফে হাজরে আসওয়াদ স্থাপন করেন।

প্রশ্ন ৫। হজরত আবু বকর (রা.)-কে ছিলেন? তাঁর জীবনাদর্শ সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।

উত্তর : হজরত আবু বকর (রা.) ছিলেন ইসলামের প্রথম খলিফা। তাঁর জীবনাদর্শ সম্পর্কে পাঁচটি বাক্য হলো—

১. তিনি দানশীল, দয়ালু ও পরোপকারী ছিলেন।
২. তিনি সকল বিপদ-আপদে নবিজি (স.) ও অন্য সাহাবিদের পাশে দাঁড়াতেন।
৩. তিনি তাঁর আশপাশের গরিব ও অসহায় মানুষদের সবসময় সহযোগিতা করতেন।
৪. তিনি অত্যন্ত ধৈর্যশীল ও বিচক্ষণ মানুষ ছিলেন।
৫. তাঁকে 'ইসলামের ত্রাণকর্তা' বলা হয়।

শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

মূল্যায়ন ক্ষেত্র	শিখনযোগ্যতা/ নির্দেশক	প্রারম্ভিক	ভালো	উত্তম
জ্ঞান	• হজরত মুহাম্মদ (স.)-এর সংক্ষিপ্ত জীবনচরিত সম্পর্কে জ্ঞান লাভ করেছে			
	• হজরত আবু বকর (রা.)-এর সংক্ষিপ্ত জীবনচরিত সম্পর্কে জ্ঞান লাভ করেছে			
	• হজরত মুহাম্মদ (স.) ও হজরত আবু বকর (রা.)-এর আদর্শ গুণাবলি সম্পর্কে জানতে পেরেছে			
দক্ষতা	• হজরত মুহাম্মদ (স.)-এর সংক্ষিপ্ত জীবনচরিত সম্পর্কে জেনে বর্ণনা করতে পেরেছে			
	• হজরত আবু বকর (রা.)-এর সংক্ষিপ্ত জীবনচরিত সম্পর্কে জেনে বর্ণনা করতে পেরেছে			
	• হজরত মুহাম্মদ (স.) ও হজরত আবু বকর (রা.)-এর আদর্শ গুণাবলি জেনে ব্যক্তিজীবনে প্রয়োগ করতে পেরেছে			
দৃষ্টিভঙ্গি	• আনন্দের সাথে কাজে অংশগ্রহণ করেছে			
	• দলে একে অপরকে সহযোগিতা করেছে এবং দলগত কাজে সক্রিয় অংশগ্রহণ করেছে			
	• জোড়ায় সক্রিয়ভাবে কাজ করেছে এবং একে অপরকে সহযোগিতা করেছে			
মূল্যবোধ	• শ্রেণিকক্ষের নিয়ম মেনে চলেছে			
	• অন্যের মতামত ধৈর্য সহকারে শুনেছে			

ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ ধারাবাহিক মূল্যায়ন সময় : .....

শিক্ষার্থীর নাম : ..... শ্রেণি : ..... রোল নম্বর : ☐

১। মহানবি (স.) এর জীবন ও কাজের মধ্য দিয়ে তাঁর যেসব গুণ প্রকাশিত হয়েছে তা দলগতভাবে আলোচনা করি। এরপর সেগুলোকে ধারাবাহিকভাবে সাজিয়ে গুণাবলির ফুল তৈরি করি।

২। নিচের বাক্যগুলো পড়ে সত্য/মিথ্যা নির্ণয় কর।

(ক) মহানবি (স.) আরবের মক্কা নগরীতে জন্মগ্রহণ করেন।
(খ) মুহাম্মদ (স.)-এর দুধ মাতার নাম ছিল আমিনা।
(গ) মহানবি (স.) ছোটোবেলায় নবুয়তপ্রাপ্ত হন।
(ঘ) মহানবি (স.) মক্কায় ইন্তেকাল করেন।
(ঙ) ইসলাম হলো শান্তি ও সাম্যের ধর্ম।

৩। সংক্ষেপে উত্তর দাও :

(ক) মহানবি (স.) কখন নবুয়তপ্রাপ্ত হন?
(খ) মহানবি (স.)-এর আদর্শ কীরূপ ছিল?
(গ) ইসলামের প্রথম খলিফার কে ছিলেন?

উত্তরমালা

১। ১৭১ পৃষ্ঠার ক নং উত্তর দ্রষ্টব্য।

২। (ক) সত্য; (খ) মিথ্যা; (গ) মিথ্যা; (ঘ) মিথ্যা; (ঙ) সত্য।

৩। (ক) মহানবি (স.) চল্লিশ বছর বয়সে হেরা গুহায় ধ্যানমগ্ন অবস্থায় নবুয়তপ্রাপ্ত হন।
(খ) মহানবি (স.) একজন উত্তম আদর্শসম্পন্ন মানুষ ছিলেন।
(গ) ইসলামের প্রথম খলিফা ছিলেন হজরত আবু বকর (রা.)।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐